

জন্য দাতব্য কার্যকলাপ হিসেবে বেশ কয়েকটি সিএসআর কার্যক্রম সম্পাদনা করেছে। এর মধ্যে আছে হাসপাতাল, গণস্বাস্থ্য সেবা, চাইল্ড ডে কেয়ার ফ্যাসিলিটিসমূহ, শ্রমিকদের জন্য বীমা সুবিধা এবং শ্রমিকদের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করতে বিভিন্ন প্রোগ্রাম। এনজিওগুলোও সিএসআর-এর গুরুত্বকে অনুধাবন করতে পেরেছে এবং তারা সিএসআর কেন্দ্র-ও প্রতিষ্ঠা করেছে। উল্লেখ্য

- এমআরডিআই ও মানুষের জন্য এবং তাদের 'দারিদ্র্য দূরীকরণে উন্নয়ন ও সিএসআর এর সংযোগ' (কানেক্টিংসিএসআর উইদ ডেভেলপমেন্ট টু অ্যাড্বেস পোভার্টি) সূচক।
- সেভ দ্য চিলড্রেন বাংলাদেশ এবং তাদের শিশু শ্রম প্রতিরোধ উদ্যোগ।
- সেন্টার ফর ডিজঅ্যাবিলিটি ইন ডেভেলপমেন্ট এবং 'অক্ষমতাদূর করার জন্য তাদের উদ্যোগ, যা কিনা সিএসআর কর্মকাণ্ডের সাথে সম্পর্কিত' (ডিজঅ্যাবিলিটি ইন ডেভেলপমেন্ট- কানেক্টিং টু সিএসআর) সূচক।

এগুলো ও অন্যান্য নেটওয়ার্কিং অনুষ্ঠানগুলো বাংলাদেশে সিএসআর প্রোফাইলকে আরও সমৃদ্ধ করেছে। এই বইটি সামাজিক দায়িত্বশীলতা শব্দগুচ্ছটি ব্যবহার করছে উপরে দেয়া বর্ণনা অনুযায়ী। এসআর এখন বিশ্বব্যাপী একটি মানদণ্ড। যখন আমরা ব্যবসায় সামাজিক দায়িত্বশীলতা বলি, এটা বলা হবে জনহিতৈকর কাজের অংশ থেকে (যেখানে এসআর শুধু একটি অংশমাত্র)।

একাধিক কোম্পানি বর্তমানে সামাজিক দায়িত্বশীলতা এবং এর প্রাসঙ্গিক বিষয়সমূহের ওপর প্রশিক্ষণ দেয়; যেমন, ইন্টারটেক, বাংলাদেশ সিএসআর সেন্টার, রিড কনসাল্টিং বাংলাদেশ লিমিটেড এবং এসজিএস।